



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
জাবিতে ইনোভেশন শোকেসিং ২০২৪ অনুষ্ঠিত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৩ মে ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ই-গভর্নেন্স এন্ড ইনোভেশন সাব-কমিটির আয়োজনে ইনোভেশন শোকেসিং-২০২৪ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা সাড়ে বারোটায় বিশ্ববিদ্যালয়ের ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্রের সম্মেলন কক্ষে এ উদ্ভাবনী প্রকল্প প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন ডিভিশনের পরিচালক ড. মোঃ ফখরুল ইসলাম। বিচারক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক বশির আহমেদ, সূর্যমুখী লিমিটেডের এমডি ও সিইও ফিদা হক প্রমুখ।

প্রদর্শনীতে স্মার্ট জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় বিনির্মাণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও ইন্সটিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি) শিক্ষার্থীরা একক ও দলীয়ভাবে ১০টি উদ্ভাবনী প্রকল্প তুলে ধরেন। এর মধ্য থেকে বিচারকরা ৪টি প্রকল্পকে বাছাই করে পুরস্কৃত করেন। পরে বিজয়ীদের মাঝে ক্রেস্ট ও অংশগ্রহণকারী শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট তুলে দেওয়া হয়।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)